মেহেরপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর বড়বাজার জেলা বিএনপির কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

জেলা যুবদলের সদস্য এবং জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খাঁন ছাতু, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাভলু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, জেলা জিয়া প্রজন্মের সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, যুব নেতা আশরাফুল ইসলাম বাচ্চু, সাবেক ছাত্রনেতা হাসানুর রহমান বিট্টু সহ জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতা কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া

মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক সফল প্রধানমন্ত্রী গণতন্ত্রের মা, দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর উপজেলা বিএনপির আয়োজনে বুধবার বিকালে মেইন বাস স্ট্যান্ডে উপজেলা বিএনপির দলীও কার্যালয়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ মিজানুর রহমান লাভলুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

এ সময় সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ সাইফুর রহমান সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন আর রশিদ, বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আশরাফ, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর আলম মামুন,উপজেলা স্বেচ্ছাসেবক দলের মোঃ হাফিজুর রহমান, সাবেক ছাত্রনেতা মোঃ তাহের, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব হুমায়ুন কবির হিরা ও বিএনপি সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন। শেষে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন বাজার মসজিদের ইমাম মোঃ আল আমিন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক মোঃ শহিদুল ইসলাম ভূঁইয়া।